

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ
(সংস্থাপন শাখা)
(www.sunamganj.gov.bd)

**জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন সংক্রান্ত জেলা নৈতিকতা কমিটির ২০২৩-২৪ অর্থবছরের ৪র্থ
ত্রৈমাসিক সভার কার্যবিবরণী:**

সভাপতি : মোহাম্মদ রাশেদ ইকবাল চৌধুরী
জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
সভার স্থান : জেলা প্রশাসক, সুনামগঞ্জ এর অফিস কক্ষ।
তারিখ : ২৮ এপ্রিল, ২০২৪ খ্রি:।
সময় : সকাল ০৯:৩০ টা।

উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট 'ক' (স্বাক্ষরের ক্রমানুসারে)।

সভার প্রারম্ভে উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), সুনামগঞ্জ ২০২৩-২৪ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন ২০২৪) কার্যক্রমের অগ্রগতির বিভিন্ন সূচক নিয়ে আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র: নং | আলোচনার বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---------|--|--|--|
| ০১ | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২৪ বাস্তবায়নের নিমিত্তে স্থিরকৃত লক্ষ্যপূরণে সংশ্লিষ্ট শাখাসমূহের ভূমিকা সম্পর্কে আলোচনা হয়। শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের অন্তরায়সমূহ ও সেগুলো উত্তরণের উপায় নিয়ে বিস্তারিত আলোচনা হয়। | বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেটে প্রেরিত এ কার্যালয়ের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার, ২০২৩-২৪ অর্থবছরের ৩য় ত্রৈমাসিক কর্ম-পরিকল্পনা অনুমোদন করা হলো। | অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) সুনামগঞ্জ |
| | | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২৪ সফল বাস্তবায়নে শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণ যথাসময়ে আয়োজন করতে হবে। | অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) সুনামগঞ্জ |
| | | সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবাগ্রহীতার মতামত সংরক্ষণ করতে হবে। | সহকারী কমিশনার ফ্রন্টডেস্ক শাখা |
| | | কর্মপরিবেশ উন্নয়নে পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি ও প্রাধিকারপ্রাপ্ত কর্মচারীদের দাপ্তরিক পোশাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করতে হবে। | নেজারত ডেপুটি কালেক্টর সুনামগঞ্জ |
| | | শুদ্ধাচার বাস্তবায়ন সংক্রান্ত সকল প্রমাণক সংরক্ষণ করতে হবে এবং যথাসময়ে প্রেরণ করতে হবে। | অতিরিক্ত জেলা প্রশাসক (সকল)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট/নেজারত ডেপুটি কালেক্টর/সহকারী কমিশনার (সকল), সুনামগঞ্জ। |

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকা উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


28/08/2024

(মোহাম্মদ রাশেদ ইকবাল চৌধুরী)

জেলা প্রশাসক

সুনামগঞ্জ।

স্মারক নং: ০৫.৪৬.৯০০০.০০৬.০৬.০২২.২২- ৯২

তারিখ : ২৬ এপ্রিল, ২০২৪ খ্রি:।

অনুলিপি : সদয় অবগতির জন্য।

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. বিভাগীয় কমিশনার, সিলেট।



(মোহাম্মদ রাশেদ ইকবাল চৌধুরী)
জেলা প্রশাসক
সুনামগঞ্জ।